

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
ঢাকা (দক্ষিণ)  
আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল  
ঢাকা-১০০০।

আদেশ নং-১৫/মূসক/২০১৫

তারিখ : ১৫/০৭/২০১৫

জারির তারিখ : ১৫/০৭/২০১৫ খ্রিঃ।

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ও পদবী

: মোঃ ইসমাইল হোসেন সিরাজী।  
কমিশনার (চঃ দাঃ)  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
ঢাকা (দক্ষিণ), ঢাকা।

ঃ মূল আদেশনামা :

- ১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনামূল্যে প্রদান করা হল।
- ২। এই আদেশের বিরুদ্ধে আপিল করতে হলে তা আদেশ জারির ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকার বরাবরে আপিল দাখিল করতে হবে।
- ৩। আপিল আবেদনের উপর ২০০/- (দুইশত) টাকা মাত্র মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত নির্দেশনাও পরিপালন করতে হবে।  
(ক) ১৮৭০ সনের কোর্ট ফি আইনের ২ নং তফসিলের ৬ নং দফা অনুযায়ী ৪.০০ (চার) টাকা মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প মূল আদেশের উপর সংযুক্ত করতে হবে;  
(খ) আপিল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি সংশ্লিষ্ট আপিল আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৪। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪২ এর উপধারা (২) এর দফা (খ) এর প্রতি আপিলকারীর দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপিল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/ডিউটি ও অন্যান্য করাদি আইনের বিধানমতে অবশ্যই পরিশোধ করতে হবে।
- ৫। লিখিত আপিল ছাড়াও আপিলকারী নিজে অথবা তাঁর মনোনীত প্রতিনিধির মাধ্যমে ব্যক্তিগত সুনানি দিতে চাইলে তাও লিখিত আপিল আবেদনে সুস্পষ্ট উল্লেখ করতে হবে।

- ৬। ক. অভিযুক্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ক্যাটস আই লিঃ, কনকর্ড টুইন টাওয়ার (২য় তলা), চামেলীবাগ, ঢাকা প্রধান কার্যালয়ঃ ৫৪, নিউ এলিফেন্ট রোড, ঢাকা।
- খ. অপরাধের ধরণ : নিজস্ব ব্র্যান্ডের উৎপাদিত পোশাক সামগ্রী বিক্রি করে প্রকৃত বিক্রয় মূল্য এর পরিমাণ গোপন করে ব্যবসায়ী পর্যায়ের মূল্য সংযোজন কর ফাঁকি।
- গ. ফাঁকি প্রদত্ত মূসক : ৬৬,৬৩৯/- টাকা।
- ঘ. কর ফাঁকি মামলা নং ও তারিখ : ৫১/২০১২, তাং ৩১/১২/২০১২ খ্রিস্টাব্দ।

মামলার সংক্ষিপ্ত বিবরণঃ

জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল হতে প্রেরিত প্রতিবেদনের ভিত্তিতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকার গোয়েন্দা ও তদন্ত দল কর্তৃক দায়েরকৃত মূসক ফাঁকি মামলার প্রতিবেদন থেকে জানা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর কর্মকর্তাবৃন্দ ০৪/০১/২০১২ খ্রিঃ তারিখে ক্যাটস আই লিঃ, প্রধান কার্যালয়, ৫৪ নিউ



